

একটি কবিতার জন্যে

শামসুর রাহমান

বৃক্ষের নিকটে গিয়ে বলি:

দয়াবান বৃক্ষ তুমি একটি কবিতা দিতে পারো?

বৃক্ষ বলে, আমার বাকল ফুঁড়ে আমার মজ্জায়

যদি মিশে যেতে পারো, তবে

হয়তো বা পেয়ে যাবে একটি কবিতা!

জীর্ন দেয়ালের কানে বলি:

দেয়াল আমাকে তুমি একটি কবিতা দিতে পারো?

পুরোনো দেয়াল বলে শেওলা-ঢাকা স্বরে,

এই ইট সুরকির ভেতর যদি নিজেকে গুঁড়িয়ে দাও, তবে

হয়তো পেয়ে যাবে একটি কবিতা।

একজন বৃদ্ধের নিকটে গিয়ে বলি, নতজানু,

হে প্রাচীন দয়া করে দেবেন কি একটি কবিতা?

সুন্ধতার পর্দা ছিড়ে বেজে উঠে প্রাজ্ঞ কণ্ঠে- যদি

আমার মুখের রেখাবলী

তুলে নিতে পারো

নিজের মুখাবয়বে, তবে

হয়তো বা পেয়ে যাবে একটি কবিতা।

কেবল কয়েক ছত্র কবিতার জন্যে

এই বৃক্ষ, জরাজীর্ন দেয়াল এবং

বৃদ্ধের সম্মুখে নতজানু আমি থাকবো কতোকাল?

বলো, কতোকাল?